



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
ফকিরহাট, বাগেরহাট।



স্মারক নং: উমাশিঅ/ফকির/বাগের/২০২৪/৮০

তারিখ: ০৫/০৫/২০২৪খ্রিঃ।

বিষয়: উপজেলা পর্যায়ে আয়োজিত মেধা অন্বেষণ প্রতিযোগিতায় শিক্ষার্থী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৭ মে ২০২৪ খ্রি. বেলা ১২.০০ টায় উপজেলা পরিষদ অডিটোরিয়ামে স্থানীয় প্রশাসনের উদ্যোগে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে শ্রেষ্ঠ শিক্ষার্থীদের নিয়ে উপজেলা পর্যায়ে মেধা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার নির্দেশনাসমূহ:


১. মাধ্যমিক পর্যায়ের প্রত্যেক প্রতিষ্ঠান থেকে সেরা তিনজন শিক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
২. প্রতিযোগিতায় বাংলা (ভাষা ও সাহিত্য), মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু, বাংলাদেশ, আন্তর্জাতিক বিষয়াবলী এবং বিবিধ বিষয়ের উপর সাধারণজ্ঞান সম্মিলিত ৩০টি প্রশ্ন থাকবে।
৩. প্রতিটি প্রশ্ন মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে স্ক্রিনে প্রদর্শন করা হবে। প্রশ্ন প্রদর্শনের স্থায়ীকাল ১৫ সেকেন্ড। স্ক্রিনে প্রদর্শিত প্রশ্ন দেখে শিক্ষার্থীরা তাদের কাছে সরবরাহকৃত উত্তরপত্রে উত্তর লিখবে।
৪. অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্য থেকে প্রথমে সেরা ১০ শিক্ষার্থী নির্বাচন করা হবে।
৫. সেরা ১০ শিক্ষার্থীদের মধ্য থেকে ষটপট রাউন্ডের মাধ্যমে সেরা ০৩ শিক্ষার্থী নির্বাচন করা হবে। অর্থাৎ স্ক্রিনে প্রশ্ন না দেখিয়ে মুখে প্রশ্ন করা হবে। যারা প্রথমে হাত উত্তোলন করবে তারা আগে উত্তর দেওয়ার সুযোগ পাবে। এই প্রক্রিয়ায় তাদের মধ্য থেকে সেরা ০৩ শিক্ষার্থী নির্বাচন করা হবে।
৬. শ্রেষ্ঠ নির্বাচিত শিক্ষার্থীদেরকে পুরস্কৃত করা হবে এবং তারা পরবর্তীতে জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
৭. প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সেরা ০৩ জন শিক্ষার্থীর তালিকা আগামী ০৬/০৫/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

এ বিষয়ে আপনাকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (তালিকাভুক্ত প্রতিষ্ঠান)
----- বিদ্যালয়/মাদ্রাসা
ফকিরহাট, বাগেরহাট।

তালিকা:

১. মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়: ৩০টি
২. দাখিল পর্যায়ের মাদ্রাসা: ৬টি



(মোঃ শহীদুর রহমান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ফকিরহাট, বাগেরহাট।

useo_fakirhat@yahoo.com